

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

নং-০৭.০৩.০০০০.০০৪.২০.০০২.২৩.৩৮২

তারিখঃ ৩০/০৬/২০২৪ খ্রিঃ।

বিষয়: হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ের ২০২৩-২৪ অর্থবছরের নৈতিকতা কমিটি'র ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব কামরুন নাহার, হিসাব মহানিয়ন্ত্রক।
তারিখ ও সময়	:	১২/০৬/২০২৪ খ্রিঃ, বুধবার, সকাল ১০:০০ ঘটিকা।
সভার মাধ্যম	:	মাইক্রোসফট টিম প্ল্যাটফর্ম

হিসাব মহানিয়ন্ত্রক মহোদয়ের সভাপতিত্বে হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের নৈতিকতা কমিটি'র সকল সদস্য, ভারুয়ালী সংযুক্ত সকল চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এবং ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টসগণকে স্বাগত জানিয়ে কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন) জনাব এ এইচ এম শামসুর রহমান তাঁর সূচনা বক্তব্যে শুদ্ধাচার প্রতিষ্ঠার গুরুত্ব তুলে ধরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের আওতাধীন কার্যালয়সমূহের শুদ্ধাচার সংস্কৃতি গড়ে তুলার জন্য প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীগণকে বিশেষ করে অফিস প্রধানগণকে সচেষ্ট ও সংশ্লিষ্ট থাকার বিষয়ে হিসাব মহানিয়ন্ত্রক মহোদয় গুরুত্ব আরোপ করেন। উক্ত নৈতিকতা কমিটির সভায় সিজিএ মহোদয়, এডিশনাল সিজিএ মহোদয়সহ সকল চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এবং সকল ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টসগণ ভারুয়ালী সংযুক্ত ছিলেন। আলোচ্যসূচী অনুযায়ী জনাব মোঃ আব্দুর রাজ্জাক, উপ-হিসাব মহানিয়ন্ত্রক (বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা) ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় গৃহীত লক্ষ্যমাত্রা এবং হালনাগাদ অগ্রগতি উপস্থাপন করেন।

বিস্তারিত আলোচনা শেষে নৈতিকতা কমিটির ৪র্থ ভারুয়াল সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/শাখা/অফিস
০১	সিএএফও এবং ডিসিএ কার্যালয়সমূহের সাথে সিজিএ কার্যালয়ের এপিএ স্বাক্ষরের সময়সীমা।	জুন/২০২৪ মাসের শেষ সপ্তাহের ২৪-২৭ তারিখের মধ্যে সিএএফও এবং ডিসিএ কার্যালয়সমূহের সাথে সিজিএ কার্যালয়ের এপিএ স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১) হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়। ২) সিএএফও এবং ডিসিএ কার্যালয়সমূহ।
০২	জেলা এবং উপজেলা হিসাবরক্ষণ কার্যালয়সমূহের সাথে সংশ্লিষ্ট ডিসিএ কার্যালয়সমূহের এপিএ স্বাক্ষরের সময়সীমা।	জুন/২০২৪ মাসের শেষ সপ্তাহের ২৪-২৭ তারিখের মধ্যে জেলা এবং উপজেলা হিসাবরক্ষণ কার্যালয়সমূহের সাথে ডিসিএ কার্যালয়ের এপিএ স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১) ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস এর কার্যালয়সমূহ। ২) ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়সমূহ। ৩) উপজেলা একাউন্টস অফিসারের কার্যালয়সমূহ।
০৩	APAMS সফটওয়্যারে দাখিল সংক্রান্ত।	চুক্তি স্বাক্ষরের পূর্বে APAMS সফটওয়্যারে ইতোমধ্যে আপলোডকৃত চুক্তিপত্রের প্রয়োজনীয় সংশোধনপূর্বক তা চূড়ান্ত দাখিল করতে হবে।	১) হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়। ২) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়সমূহ। ৩) ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস এর কার্যালয়সমূহ। ৪) ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়সমূহ। ৫) উপজেলা একাউন্টস অফিসারের কার্যালয়সমূহ।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় হিসাব মহানিয়ন্ত্রক মহোদয় সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তি: সভায় সদস্যগণের উপস্থিতি তালিকা। পরিশিষ্ট- 'ক'।

স্বাক্ষরিত:
(কামরুন নাহার)
হিসাব মহানিয়ন্ত্রক
ও
সভাপতি (নৈতিকতা কমিটি)

নং-০৭.০৩.০০০০.০০৪.২০.০০২.২৩.৩৮২

তারিখঃ ৩০/০৬/২০২৪ খ্রিঃ।

কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)।
২. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৩. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিজিএ কার্যালয়।
৫. অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)।
৬. সিস্টেম এনালিস্ট (সকল), সিজিএ কার্যালয়।
৭. উপ-হিসাব মহানিয়ন্ত্রক (সকল)
৮. পিএস টু সিজিএ।
৯. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার।
১০. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা।
১১. সকল শাখা অফিসার (অডিট এন্ড একাউন্টস অফিসার), সিজিএ কার্যালয়।
১২. অফিস কপি।

সদয় অবগিতর জন্য-

১. বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা-১০০০।
দৃষ্টি আকর্ষণ: এডিসিএজি (প্রশাসন)।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
দৃষ্টি আকর্ষণ: যুগ্ম সচিব (বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখা)



(মো: আব্দুর রাজ্জাক)

উপ-হিসাব মহানিয়ন্ত্রক (বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা)

ও

সদস্য সচিব (নৈতিকতা কমিটি)